

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 18-05-2024  
Time: 07.35-07.40 AM Hrs  
BENGALI MORNING BULLETIN**

---

**Fourth Face Election :**

লোকসভা ভোটে প্রথম চারটি পর্বে ভোটদানের হার ৬৬.৯৫ শতাংশ। এখন পর্যন্ত ভোট দিয়েছেন প্রায় ৪৫.১ কোটি মানুষ। নির্বাচন কমিশন জানিয়েছে, ভোটদাতাদের সংখ্যা বৃদ্ধির জন্য নির্বাচন কমিশনের পক্ষ থেকে করা বিভিন্ন সচেতনতামূলক পদক্ষেপ নেওয়া হয়েছে। মুখ্য নির্বাচন কমিশনার শ্রী রাজীব কুমার বলেছেন, “ভোটদাতাদের মধ্যে সচেতনতা বৃদ্ধির ক্ষেত্রে অংশিদারিত্ব ও সহযোগিতা এক অপরিহার্য ভিত্তি বলে কমিশন দৃঢ়ভাবে বিশ্বাস করে।

\*\*\*\*\*

**CM, Manik saha :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা জানিয়েছেন, নাগরিক সংশোধনী আইন কার্যকর নিয়ে কেন্দ্রীয় সরকার যে সিদ্ধান্ত নেবে, সেই পথেই অগ্রসর হবে রাজ্য সরকার। গতকাল রামনগরে রিয়াদুল জান্নাহ জামে মসজিদ কমিটি আয়োজিত স্বৈচ্ছায় রক্তদান শিবিরে সাংবাদিকদের মুখ্যমন্ত্রী আরও বলেন, লোকসভা ভোটের পর আগরতলা-আখাউড়া রেল লাইনে চলাচল শুরু হতে পারে। তিনি আরও বলেন, বিদ্যাজ্যোতি প্রকল্পের আওতাধীন বিদ্যালয়গুলির খারাপ ফলাফলের বিষয়টি যথেষ্ট গুরুত্বসহকারে দেখা হচ্ছে।

\*\*\*\*\*

#### **CAA Tripura :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের নির্দেশে রাজ্যেও নাগরিকত্ব সংশোধনী আইন কার্যকর করার প্রস্তুতি চলছে। আগরতলায় জনগননা কার্য নির্দেশনালয়ের অধিকর্তা রবীন্দ্র রিয়াং গতকাল আকাশবাণীকে জানিয়েছেন, CAA কার্যকরের জন্য কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রকের নির্দেশ অনুযায়ী ইতিমধ্যে রাজ্য ও জেলাস্তরে এমপাওয়ারড কমিটি গঠন করা হয়েছে। সাত সদস্যের রাজ্য পর্যায়ে চেয়ারম্যান হয়েছেন জনগননা কার্য নির্দেশনালয়ের অধিকর্তা। অন্যদিকে, পাঁচ সদস্যের জেলাস্তরের এমপাওয়ারড কমিটির চেয়ারম্যান হয়েছেন সিনিয়র সুপারিন্টেন্ডেন্ট অফ পোস্টাল ডিপার্টমেন্ট ।

জনগননা অধিকৰ্তা আরো জানান, রাজ্যের এডিসি এলাকায়  
নাগরিকত্ব সংশোধনী আইন কার্যকর করা হবে না।

\*\*\*\*\*

**Governor Reddy :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গতকাল বিকালে রাজভবনে  
পদ্মশ্রী পুরস্কারে ভূষিত চিত্তরঞ্জন দেববর্মা মহারাজ ও স্মৃতি রেখা  
চাকমাকে সংবর্ধনা জানিয়েছেন। রাজ্যপাল তাদের অভিনন্দন এবং  
শুভেচ্ছা জানান। রাজভবন সূত্রে এই খবর।

\*\*\*\*\*

**Criminal Law Conferance :**

কেন্দ্রীয় আইন ও বিচার মন্ত্রকের ব্যবস্থাপনায় অপরাধ বিষয়ক  
নতুন ৩ আইন সম্পর্কে দুই দিনের সম্মেলন আজ থেকে

গুয়াহাটিতে শুরু হবে। "ইন্ডিয়া'স্ প্রগ্রেসিভ পাথ ইন দ্য অ্যাডমিনিস্ট্রেশন অব ক্রিমিনাল জাস্টিস সিস্টেম' শীর্ষক এই সম্মেলনে মূলত দেশে অপরাধ বিষয়ক বিচার ব্যবস্থাকে টেলে সাজাতে নতুন তিনটি আইন "ভারতীয় ন্যায় সংহিতা, ২০২৩', "ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা, ২০২৩' এবং "ভারতীয় স্বাস্থ্য অধিনিয়ম' ইত্যাদি নিয়ে বিস্তারিত আলোচনা হবো উল্লেখ্য, এই আইনগুলি চলতি বছরের পয়লা জুলাই থেকে কার্যকর করতে ইতিপূর্বে বিজ্ঞপ্তি জারি করা হয়েছে।

\*\*\*\*\*

#### **Current Affairs :**

২২মে আন্তর্জাতিক জীব-বৈচিত্র্য দিবস। এই দিনটি পালনের পাশাপাশি জীব বৈচিত্র্যকে রক্ষা করা কতটা গুরুত্বপূর্ণ তা সকলকে বুঝতে হবে। সকলকে সচেতন ভাবে জীব-বৈচিত্র্য রক্ষায় এগিয়ে আসতে হবে। এই নিয়ে আকাশবাণী আগরতলার সংবাদ বিভাগের সাপ্তাহিক আলোচনামূলক অনুষ্ঠান শোনা যাবে আজ বেলা ৩.১৫ মিনিটে। আলোচনায় থাকবেন রাজ্য সরকারের জৈব প্রযুক্তি দপ্তরের যুগ্ম অধিকর্তা অঞ্জন সেনগুপ্ত। মূল অনুষ্ঠানটির পরেই air news agartala ফেসবুক ও ইউটিউবে অনুষ্ঠানটি শোনা যাবে।

\*\*\*\*\*

## **Anti-Tobacco Awareness programme :**

দক্ষিণ ত্রিপুরা জেলা তামাক নিয়ন্ত্রণ সেলের উদ্যোগে আজ শান্তিরবাজার শহর ও বিভিন্ন স্কুল এলাকায় তামাক বিরোধী অভিযান করা হয়। স্বাস্থ্য দপ্তরের উদ্যোগে ও শান্তিরবাজার থানার সহযোগিতায় এই অভিযানের সময় তামাকের কুফল সম্পর্কে স্কুল ছাত্রছাত্রী ও জনগণকে সচেতন করা হয়। জেলা তামাক নিয়ন্ত্রণ সেলের নোডাল অফিসার ডাক্তার অলক দাস জানিয়েছেন, তামাক আইনে বিভিন্ন ধারা লঙ্ঘন করায় ৭ জন দোকানদারকে আর্থিক জরিমানা করা হয়েছে। এই অভিযান আগামীদিনেও অব্যাহত থাকবে বলে তিনি জানান।

\*\*\*\*\*

## **Detain of Bangladeshi :**

গতকাল সন্ধ্যায় আগরতলা রেল স্টেশনে চার বাংলাদেশিকে গ্রেপ্তার করেছে পুলিশ। রেল থানার ওসি তাপস দাস জানিয়েছেন, ধৃতদের সঙ্গে সোনামুড়া এলাকার যুবক রাফিকুল ইসলামকেও গ্রেপ্তার করা হয়। ধৃতরা জিজ্ঞাসাবাদে বেআইনিভাবে

রাজ্যে প্রবেশের দায় স্বীকার করে নিয়েছেন বলে ওসি শ্রী দাস জানান।

\*\*\*\*\*

**PARA SWIMMER :**

সিঙ্গাপুরে আন্তর্জাতিক সিটি ওয়ার্ল্ড প্যারা সুইমিং চ্যাম্পিয়নশীপে রাজ্যের প্যারা সাঁতারু বিনীত রায় ব্রোঞ্জ পদক দখল করেছে। আগামী ১৯ মে ঘোষিত হবে সমীর বর্মনের চূড়ান্ত ফলাফল। এই আসরে এবারই প্রথম ভারতীয় দলের হয়ে ত্রিপুরা থেকে দুইজন প্যারা সুইমার অংশগ্রহণ করেন। আসরে ক্লাসিফিকেশনে সমীর ও বিনীত দুজনেই উত্তীর্ণ হন। হিট ওয়ানে নেমে সমীর বর্মণ এস-এইট এবং হিট টুতে নেমে বিনীত রায়ের এস-নাইন স্থান পায়। দুজনেই ১০০ মিটার ফ্রি স্টাইলে নিজেদের যোগ্যতার পরিচয় দেন। আন্তর্জাতিক এই চ্যাম্পিয়নশীপে ২১টি দেশের ১৩১ জন সেরা সাঁতারু অংশগ্রহণ করেছেন।

\*\*\*\*\*

**Weather :**

২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসে আবহাওয়া দপ্তর জানিয়েছে, আকাশ প্রধানত মেঘলা থাকবে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২২.৬ ডিগ্রি সেলসিয়াস। দুপুরের সর্বোচ্চ তাপমাত্রা থাকতে পারে ৩৭ ডিগ্রির কাছাকাছি। গত ২৪ ঘন্টায় ১৩ মিলিমিটার বৃষ্টি হয়েছে।

\*\*\*\*\*

\*\*\*\*\*